945 Z 677 1000Rs.




Admit... Rule ... duty ... under the Indian stamp Act ... as amended by Act ... of 1922 and Section- 31 of the Calcutta Improvement Act. 1911, Schedule 1A No. 23 ক

Stamp duty Paid under the Indian Stamp Act. 1899 as amended in 1976 As 1500.00

Additional duty Paid under the Calcutta Improvement Act. 1911 Rs. 300.00 Excess 10.00

Total Rs. 1810.00

... Paid—

Permission Granted by C.A. Ist. L. A. Collector, S. D. O. U.R.L.(N) vide No. 27/6/91 Date 19.11.91

দানপত্র দলিল : -

দানপত্র গ্রহিত্রী :-

কুমারী অদিতি চৌধুরী, পিতা অমিয় গোবিন্দ চৌধুরী, জাতি- হিন্দু, পেশা- চাকুরী, সাং - জি - সি।৬৩ সল্টলেক , কলিকাতা -৭০০০৯১ ।

দানপত্র দাত্রী :-

শ্রীমতী প্রভা বাগচী, স্বামী শ্রী অমরেন্দ্র বাগচী , জাতি- হিন্দু, পেশা- গৃহস্থালী, সাং - ৭।২৫ ,জামির লেন, থানা - কলিকাতা- ৭০০০১৯ ।

২ নং পাতায় -

209 4/3/92 1000/-
Aditi Chowdhury
9C/63 Salt Lake
Cal. 91

209 to 213.

Rs- 1000/-
" 500/-
" 200/-
" 60/-
" 50/-

Rs 1810/-

Presented for registration at 12-30 P. m. on the 6th day of March 1992 at the Alipore Additional Dist. Sub-Registry Office by Prava Bagchi executant/one of the executants/claimant.

DIST. SUB-REGISTRAR ALIPORE 24-PARGANAS

6.3.92

1022

Prava Bagchi
S/o W/o Amarendra Bagchi
of 7/25 Jamir Lane
Thana ...
Dist. Cal 19
by caste — Hindu/Muslim
by Profession H. Wife

Shyamal Dutta
S/o W/o
of Alipur Police Court
Thana ...
Dist. Cal-27
by caste — Hindu/Muslim
by Profession Advocate

Identified by me
Shyamal Dutta
Advocate
Alipore Police Court
Cal-27.

DIST. SUB-REGISTRAR ALIPORE 24-PARGANAS

6.3.92

500Rs.

INDIA NON JUDICIAL

৫০০ রু.

Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES

কস্য শুভ দানপত্র দলিল মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা হাল দক্ষিণ ২৪ পরগণা, থানা সাবেক টালিগঞ্জ হাল যাদবপুর সাব রেজেষ্ট্রী অফিস আলিপুরের এলাকাধীন, জেলা কালেকটারীর - ২১১৮ নং তৌজি ভুক্ত, রে: সা: নং- ২১২, জে, এল, নং-১২, হাল কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অন্তর্গত, মৌজা- মাদুরদহ গ্রামের অধীন, বিগত জেলা জরিপের ১৩৩ নং খতিয়ান ভুক্ত, সি.এস ৪১৭ নং দাগের ২৬.২৫ একর ভূমি এবং ঐ খতিয়ানে লিখিত ৪০৫ নং সি.এস দাগে ১৪.১০ একর ভূমি - জনৈক শ্রী দেবেন্দ্র নাথ মণ্ডল দিগর এবং তদীয় শরিক বিরাজ চন্দ্র মণ্ডল মহাশয়গণ একেতো পাট্টা

No. 210 Date 4/3/91

Name Sri Smt. Aditi Chowdhury

Add. G-C 163 Salt Lake

P. S.

Vendor

24-Pgs. (S) Cal-27.

6.3.91

200Rs.






দলিল মূলে তদানিন্তন মালিক জমিদার শ্রী জ্ঞানেন্দ্র নাথ দে মহাশয়ের নিকট হইতে চিরস্থায়ী বন্দোবস্ত সূত্রে প্রাপ্ত হইয়া এজমালে ভোগ দখল করিতে থাকাকালীন তাঁহাদের স্বত্ব দখলের বিশেষ অসুবিধা হেতু বিগত ইংরাজী - ~~৮।৮।১৯৫৪~~ তারিখে আলিপুর সদর সব রেজেষ্ট্রী অফিসে রেজেষ্ট্রীকৃত ১ নং বহির, ৮৬ নং ভল্যুমের ২৭২ হইতে ২৮২ নং পাতায় লিখিত, ৫৫৩০ নম্বর এককেতা আপোষ বন্টন নামা দলিল সম্পাদন করিয়া লয়েন। উক্ত আপোষ বন্টন নামা দলিলের 'খ' তপশীল বর্ণিত সি.এস ৪১৭ নং দাগের সর্ব্বমোট ২৬-২৫ একর জমির মধ্যে ৯.৪৯ একর জমি ও উক্ত দাগে এজমালি .৯৫ শতক ড্রেন সম্পত্তির মধ্যে .৩৬ শতক ড্রেন সম্পত্তি এবং সি.এস ৪০৫ নং দাগে ১৪-০১ একর জমির মধ্যে ৫.৮০ একর জমি জমা উক্ত

200/

No. 211 Dt. 4/3/92 Rs.

Name Sri/Smt. Aditi Chowdhury

Address G-C 163 Salt Lake

P. S.

Vender Cal-91

Santosh Kr. Dey
ALIPUR POLICE COURT
24-Pgs. (S) Cal-27.

6-3-92

60 Rs.






দেবেন্দ্র নাথ মণ্ডল দিগর বণ্টন সূত্রে প্রাপ্ত হইয়া ভোগ দখল করিতে থাকাকালীন রিভিসানাল সেটেলমেণ্ট জরিপে উক্ত ১.৪১ একর জমি ১৮৩ নং খতিয়ানে বার্ষিক ৮৫.৭৫ টাকা জমায় ৪২৩/৪৬০ নং আর.এস দাগে ও উক্ত ড্রেন .৩৬ শতক, উক্ত ১৮৩ নং খতিয়ানে ৪২৩/৪৬২ নং আর.এস দাগে এবং উক্ত ৫.৮০ একর জমি ১৮৪ নং খতিয়ানে বার্ষিক ৪৩.৪৭ টাকা জমায় ৪১১/৪৫৯ নং আর.এস দাগ রূপে উক্ত দেবেন্দ্র নাথ মণ্ডল দিগরের নামে বরাবর চূড়ান্ত ভাবে প্রকাশিত ও প্রচারিত হয়।

অতঃপর উক্ত দেবেন্দ্র নাথ মণ্ডল দিগরের নগদ অর্থের বিশেষ আবশ্যক হেতু তাঁহাদের স্বত্ব দখলীয় আর.এস ৪১১/৪৫৯ নং দাগের এবং আর.এস ৪২৩/৪৬০ নং দাগের সমুদয় জমি জমা 'এ' ব্লক ও 'বি' ব্লক রূপে চিহ্নিত করিয়া ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়া বিক্রয় করিবার ঘোষনা করিলে আমিতত্র দানপত্র দাত্রী আমার আমার পূর্ব্বতন মালিক ও দখলকারিনী সাকিম - ৭।২এস, জামির লেন, কলিকাতা -১৯

212 4/3/92

Aditi Chowdhury

9-C/63 Salt Lake


Calcutta - 91

ALIPORE ... COURT
24-Pgs. (S) Cal-27

... NORTH 24-PARGANAS

6.3.91

50 Rs.






নিবাসী শ্রী অমিয় গোবিন্দ চৌধুরী মহাশয়ের পত্নী শ্রীমতী লেখা চৌধুরী মহাশয়া তাহা অবগত হইয়া বিগত ইংরাজী - ১৪।৬।৫৮ তারিখে আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির, ৭২ নং ভল্যুমের, ২৩৭ নং পাতা হইতে ২৪০ নং পাতায় লিখিত ৩৯৫১ নং এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে উক্ত শ্রী দেবেন্দ্র নাথ মণ্ডল দিগরের নিকট হইতে উক্ত আর.এস ৪১১/৪৫১ নং দাগে 'এ' ব্লকের, ৫১ নং স্কীম প্লটের স্থানীয় মাপে কমবেশ ৫ পাঁচ কাঠা জমি জমা খরিদ করিয়া খরিদাবধি অন্যের নিরংশে নির্ব্বিবাদে নিব্যূঢ় স্বত্ত্বে ভোগ দখল করিতে থাকাবস্থায় তাঁহার নগদ অর্থের বিশেষ আবশ্যক হওয়ায় তাঁহার খরিদা স্বত্ত্ব দখলীয় আর.এস ৪১১।৪৫১ নং দাগের কমবেশ ৫ পাঁচ কাঠা জমি জমা বিক্রয় করিবার ঘোষনা করিলে অস্মি অত্র দানপত্র দাত্রী তাহা অবগত হইয়া বিগত ইংরাজী - ১৫।৬।১৯৭১ তারিখে আলিপুর সাব রেজেষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ১৭ নং ভল্যুমের

213 4/3/92 50/-
Aditi Chowdhury
9.C/63 Salt Lake
Cal/91

১৫২ হইতে ১৫৬ নং পাতায় লিখিত, ৩৩০৪ নং এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়া খরিদাবধি মালিক সরকারে ধার্য্য খাজনাদি আদায় দিয়া অন্যের নিরংশে নির্ব্বিবাদে নিব্যূঢ় স্বত্বে এযাবৎকাল মালিক ও দখলকারিনী আছি ও হইতেছি।

তুমি অত্র দানপত্র গ্রহিত্রী আমার সহদর ভ্রাতার কন্যা অর্থাৎ আমার ভাইঝি হইতেছ। তুমি আমাকে মাতৃবৎ যথেষ্ঠ ভক্তি শ্রদ্ধা সেবা যত্ন এবং দেখাশুনা করিয়া আসিতেছ। তোমার ব্যবহারে আমি পরম তৃপ্তি লাভ করিয়া তোমার প্রতি কর্ত্তব্য স্বরূপ এবং ভবিষ্যতে তোমার যাহাতে বসবাসের কোন প্রকার অসুবিধা না হয় তৎজন্য আমার স্বত্ব দখলীয় উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি তোমাকে দান করিবার ইচ্ছা প্রকাশ করিলে এবং তুমি উক্ত দান সানন্দে গ্রহণ করিতে সম্মত হইলে পর অত্র দানপত্র দলিল তোমার নাম বরাবর সম্পাদন করিয়া দিয়া এতদ্দ্বারা স্বীকার অঙ্গীকার প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

নিম্ন তপশীল বর্ণিত দানকৃত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব দখল অধিকার সুযোগ সুবিধা হক হকিয়তাদি ছিল বা আছে তৎসমুদয় আমা হইতে সম্পূর্ণ রূপে রদ রহিত ও বিলুপ্ত হইয়া তোমাতে বর্ত্তাইল বা অর্শিল। তুমি অদ্য তারিখ হইতে অত্র দলিল বলে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে দখলকারিনী হইয়া কলিকাতা করপোরেশনে তোমার নিজ নাম জারী করতঃ ধার্য্য ট্যাক্সাদি আদায় দিয়া দান বিক্রয় বন্ধকাদি সহ যাবতীয় হস্তান্তর ও রূপান্তর করনের ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান গণক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকিবে, তাহাতে আমি সহ আমার ওয়ারিশান বা স্থলাভিষিক্ত গণক্রমে কেহ কখনও কোন প্রকার ওজর আপত্তি

Additional District Sub-Registrar

দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবেক না করিলেও তাহা সর্ব্বদা সর্ব্বাদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে ।

নিম্ন তপশীল বর্ণিত দানকৃত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অপর কাহারও নিকট কোন প্রকার দান বিক্রয় বন্ধক প্রজাবিলি সিকিউরিটি বা বায়না ইত্যাদির দ্বারা আবদ্ধ করি নাই বা উহা কাহারও খোর পোষের দায়ে আবদ্ধ নাই বা উক্ত সম্পত্তি সম্পর্কে কোন আদালতে কোন প্রকার মামলা মোকর্দ্দমা দায়ের নাই বা উহা দেবোত্তর ও পীরোত্তর সম্পত্তি নহে বা উহা কোন সরকার বা পাবলিক প্রতিষ্ঠান কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুই-জিশান হয় নাই- সম্পূর্ণ নির্দায়, নির্দোষ ও মুক্তাবস্থায় থাকাকালীন তোমাকে দান করিয়া দিয়া আমি মায় আমার ওয়ারিশান গণক্রমে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুতা হইলাম বা হইলক।

প্রকাশ থাকে যে, ভবিষ্যতে যদি তোমার স্বত্ব দখল আরও সুদৃঢ় করিবার আবশ্যক হয় অথবা অত্র দলিলে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় এবং সেইহেতু কোন প্রকার সংশোধনী দলিল করিবার আবশ্যক হয় তাহা হইলে আমি মায় আমার ওয়ারিশান গণক্রমে তোমার তলবমত এক বা একাধিক সংশোধন পত্র দলিল রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম বা থাকিল।

আরও প্রকাশ থাকে যে, ষ্টাম্প মূল্য নির্ণয়ার্থে দানকৃত সম্পত্তির মূল্য ১৫,০০০ পনের হাজার টাকা ধার্য্য করা হইল ।

অত্র দলিল সাথ গ্রথিত নকসা অত্র দলিলের একাংশ বলিয়া সর্ব্বত্র সর্ব্বাদালতে গণ্য হইবে ।

DISTRICT SUB-REGISTRAR
NORTH 24-PARGANAS

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে সুজ্ঞানে স্বেচ্ছায় অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম সম্যক অবগত হইয়া নিম্ন লিখিত সাক্ষীগনের সম্মুখে অত্র দানপত্র দলিল তোমার নাম বরাবর সহি সম্পাদন করতঃ রেজেষ্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ ইংরাজী ১৯৯২ সালের- ৬ই মার্চ্চ, মোতাবেক বাংলা ১৩৯৮ সালের ২২শে ফাল্গুন ।

তপশীল দানকৃত সম্পত্তির পরিচয় :-
***************************

জেলা- হাল দক্ষিণ ২৪ পরগণা, থানা সাবেক টালিগঞ্জ হাল যাদবপুর সাব রেজেষ্ট্রী অফিস আলিপুর এলাকাধীন, পরগণা- কলিকাতা, অত্র জেলা কালেকটারীর ২১১৮ নং তৌজি ভুক্ত, রেঃ সাঃ নং- ২১২, জে,এল,নং- ১২, হাল কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ( যাদবপুর ইউনিট) অন্তর্গত ,মৌজা- মাদুরদহ গ্রামের অধীন, সাবেক জেলা জরিপের ১৩৩ নং খতিয়ান ভুক্ত, ৪০৫ নং দাগ, যাহা রিভিসানাল সেটেলমেন্ট জরিপের ১৮৪ নং খতিয়ান ভুক্ত , আর.এস $\frac{৪১১}{৪৫৯}$ চারিশত এগার বাটা চারিশত উনষাট নম্বর দাগে অত্র দলিল সাথ গ্রথিত নকসায় লাল রংয়ের রেখার দ্বারা সীমাংকিত ও প্রদর্শিতস্থানীয় মাপে কমবেশ ৫ (পাঁচ) কাঠা ভূমি মায় সংলগ্ন রাস্তার যাবতীয় ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সমেত অত্র দলিলের তপশীল ভুক্ত দানকৃত সম্পত্তি হইতেছে । যাহার হারাহারি মতে বার্ষিক খাজনা .৬০ পয়সা মাত্র । প্রাপক রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগণা কালেকটার বাহাদুরকে আদায় দিতে হয় ।

6.3.[illegible]

[illegible] DISTRICT SUB-REGISTRAR


[illegible]

A LAY OUT PLAN OF A PORTION IN R.S. DAG NO. 411/459,
OF MOUZA MADURDAHA, J.L.NO. 12, SHEET NO. 2, BLOCK "A"
P.S. TOLLYGUNGE, DIST. SOUTH 24-PARGANAS

LAND AREA :- 5 COTTAHS 0 CHITTACK 0 SQ.FT. MARKED AS

SCALE :- 128" = 1 Mile




SIGNATURE OF THE VENDOR

Copied by me as per the given Map.
Alipore.

Book No- 2
Volume No- 16
Pages X to 216-
Being No- 677
for the year 1992

21/4/93

[illegible]

আমি অত্র গ্রহিত্রী অত্র দানকৃত
সম্পত্তি স্বানন্দে গ্রহণ করিলাম ।

*Aditi Chowdhury*

[illegible]

**মুসাবিদাকারক :-**

*Shyamal Dutta*
*Advocate*
*Alipore Police Court*
*Cal-27*

**ইসাদি :-**

1. *Shyamali Roy*
   *Flat No-2-D*
   *302/1 N.S.C Bose Rd*
   *Cal-47*
2. *Amiya Gobinda Chowdhury*
   *GC-63 Salt Lake*
   *Calcutta-91*

**টাইপকারক :-**

*অজয় কুমার বিশ্বাস*
অজয় কুমার বিশ্বাস
আলিপুর পুলিশ কোর্ট।

Book No- I
Volume No- 16
Pages 209 to 216
Being No- 677
for the year 19 92

2/4/93